


# প্রকৃত বিবরন
## অস্ট্রেলিয়ান তুলোর ব্যবহার

অস্ট্রেলিয়া বিশ্বের সেরা গুণমানের তুলো উৎপাদন করে, যেখানে স্থায়িত্ব, সন্ধানযোগ্যতা এবং উদ্ভাবনের চমকপ্রদ ট্র্যাক রেকর্ড রয়েছে। অস্ট্রেলিয়ার তুলো চাষীরা সামাজিকভাবে সচেতনতার সাথে তাদের স্থানীয় সম্প্রদায়ের ক্ষেত্রে প্রধান অবদানকারী। এতে অবাক হওয়ার কিছু নেই যে আরও বেশী ব্র্যান্ড এবং খুচরো বিক্রেতারা তাদের পণ্য এবং তুলো ব্যবহারের কৌশলগুলিতে অস্ট্রেলিয়ান তুলো অন্তর্ভুক্ত করতে চাইছেন।

### কি আশা করা যেতে পারে

একবার আপনি অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করার সিদ্ধান্ত নিলে, আপনি আপনার সাপ্লাই চেইনের পার্টনারদের সাথে এই বিষয়টি নির্দিষ্ট করা শুরু করতে পারেন। সম্ভাব্য সমস্ত তথ্য সংগ্রহ করার সাথে শুরু করে আপনার সরবরাহকারীদের কাছে অনুসন্ধান এবং অনুরোধ করতে পারেন।

অস্ট্রেলিয়ান তুলোজাত পণ্য বা কাপড় সাধারণত সরবরাহকারীদের কাছ থেকে সাথে সাথে পাওয়া যায় না। এর কারণ হল আমাদের সুতোর কলের গ্রাহকরা সাধারণত সেরা দামে নির্দিষ্ট গুণমানের বৈশিষ্ট্যগুলি পূরণ করতে বিশ্বের অন্যান্য অংশের তুলোর সাথে অস্ট্রেলিয়ান তুলো মিশ্রিত করেন। যতক্ষণ না কোনও ব্র্যান্ড 100% অস্ট্রেলিয়ান তুলোর দাবি করেন, ততক্ষণ কোনও সুতোর কলের কাছে সুতো, কাপড় এবং ব্যবহারিক পণ্য তৈরি করার জন্য সেগুলি সংগ্রহে থাকার সম্ভাবনা থাকে না।

ভালো খবরটি হল যে অস্ট্রেলিয়ান তুলো পোশাক, ঘরোয়া পোশাক, সুতো এবং কাপড় সহ বিস্তৃত পণ্যগুলির মধ্যে ক্রমবর্ধিত হারে ব্যবহৃত হচ্ছে। যে সমস্ত সরবরাহকারীরা আপনার সাথে ব্যবসা করতে চান তারা নিশ্চিত করতে পারেন যে আপনার পণ্যগুলি অস্ট্রেলিয়ান তুলো থেকে তৈরি বা মিশ্রিত করা হয়েছে।

### কটন অস্ট্রেলিয়া কিভাবে সহায়তা করে

কটন টু মার্কেট প্রোগ্রামের মাধ্যমে, কটন অস্ট্রেলিয়া এমন ব্র্যান্ড পার্টনারদের সাথে কাজ করে যারা দীর্ঘসময় ধরে অস্ট্রেলিয়ান তুলোর ব্যবহারকে তাদের কৌশলের অংশ করতে আগ্রহী। কটন অস্ট্রেলিয়া তাদের সীমিত সম্পদের মধ্যে যেখানেই সম্ভব সহায়তা করে, তবু শেষ পর্যন্ত তাদের নিজস্ব সাপ্লাই চেইন প্রতিষ্ঠা করা ব্র্যান্ডেরই দায়িত্ব।

অস্ট্রেলিয়ান কটন শিপার্স অ্যাসোসিয়েশনের সাথে কটন অস্ট্রেলিয়া তার সম্পর্কের মাধ্যমে, পরবর্তী সুতো কলের গ্রাহক এবং ব্র্যান্ডগুলির প্রতি পরিষ্কার দৃশ্যমানতা বজায় রাখে, যারা সাধারণত সরবরাহকারী এবং কাটা এবং সেলাই নির্মাতাদের উপর কিছু দৃশ্যমানতা বজায় রাখে। অস্ট্রেলিয়ান কটন সাপ্লাই চেইন এবং প্রয়োজনীয় সন্ধানযোগ্যতার প্রমাণ স্থাপন করা প্রায়শই একটি যৌথ প্রচেষ্টা যেখানে উভয় পক্ষ উভয় প্রান্ত থেকে সাপ্লাই চেইনে পৌঁছায় এবং মাঝখানে মিলিত হওয়ার জন্য এগিয়ে যায়।

### ব্র্যান্ডের প্রতি সহায়তা

- উপস্থাপনা এবং ওয়েবিনার সহ আপনার কর্মীদের জন্য অস্ট্রেলিয়ান তুলো সম্পর্কিত প্রশিক্ষণ
- অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করে এমন সুতোর কল এবং কাপড়ের মিলগুলির তালিকা সহ তুলোর সাপ্লাই চেইন স্থাপনে সহায়তা
- সরবরাহকারীদের কাছ থেকে তথ্য এবং প্রতিক্রিয়া বুঝতে সহায়তা
- অস্ট্রেলিয়ান তুলোর জন্য চেইন অফ কাস্টডি এবং প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা সম্পর্কে তথ্য প্রদান
- অস্ট্রেলিয়ান তুলো বস্তার উপর সন্ধানযোগ্যতা সম্পর্কিত নিয়ন্ত্রণ




## ব্যবহারে অসুবিধার মাত্রা অস্ট্রেলিয়ান কটন

কটন অস্ট্রেলিয়ার ব্র্যান্ড পার্টনারদের অভিজ্ঞতা ব্যাপকভাবে পরিবর্তিত হয়। কোনও কোনও ব্র্যান্ড প্রক্রিয়াটিকে খুব সহজ বলে মনে করলেও কিছু ব্র্যান্ড এটিকে কঠিন বলে মনে করে, বিশেষ করে শুরুতে। অস্ট্রেলিয়ান তুলো ব্যবহারের সাথে অনেক বেশী কাজ জড়িত থাকতে পারে কারণ এটি আপনার অর্ডারে আরও জটিলতা যুক্ত করে এবং এতে সন্ধানযোগ্যতার প্রমাণ সংগ্রহের প্রয়োজন হয়, তাই কখনও কখনও সরবরাহকারীরা ভিন্নভাবে কিছু করতে অনিচ্ছুক হন।

এই কারণেই কটন অস্ট্রেলিয়া ব্র্যান্ডগুলির সাথে দীর্ঘকালীন অংশীদারিত্বে আগ্রহী যেখানে আপনার ব্যবসার জন্য কাজ করে এমন একটি সমাধান পেতে আপনার সরবরাহকারীদের সাথে একসাথে কাজ করা যেতে পারে। আপনি যদি দীর্ঘকালীন সময়ে অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করা চালিয়ে যেতে চান তবে শুরুতে কঠোর পরিশ্রম করা আরও অর্থপূর্ণ হয়ে ওঠে।

কটন অস্ট্রেলিয়া এবং ব্র্যান্ডের যত বেশী সাপ্লাই চেইন পার্টনার আছে, তত বেশী সরবরাহকারী পাওয়া যায় যারা জানেন কিভাবে গ্রাহকদের জন্য অস্ট্রেলিয়ান তুলো নিয়ে কাজ করতে হয়। যখন আপনার সরবরাহকারীরা বুঝতে শিখে নতুন কিছু করতে অভ্যস্ত হয়ে যান এবং আপনার জ্ঞান বৃদ্ধি পায়, তখন প্রক্রিয়াটি প্রতিবার আরও সহজ হয়ে যায়। আমরা অঙ্গীকার করি!



## যে বিষয়গুলি সহায়তা করে:

- আপনার বিদ্যমান তুলো সাপ্লাই চেইনের পার্টনারদের একরকম বোঝাপড়া (যদিও অপরিহার্য নয়, তবুও কটন অস্ট্রেলিয়ার সাথে কাজ করা প্রায়শই উন্নত সাপ্লাই চেইনের দৃশ্যমানতা অর্জন শুরু করার একটি দুর্দান্ত উপায়)
- সাপ্লাই চেইনের পার্টনারদের সাথে বিশ্বস্ত, দীর্ঘকালীন সম্পর্ক
- পরিমাণ বা মূল্যের উপর ভিত্তি করে ক্রয়ের শক্তি
- যে সরবরাহকারীরা খুশি করতে আগ্রহী এবং যারা নতুন কিছু চেষ্টা করতে ইচ্ছুক
- ব্যবহারিক দল যারা বোর্ডে রয়েছেন এবং অস্ট্রেলিয়ান তুলোকে সমর্থন করেন এবং এবং আপনার অস্ট্রেলিয়ান তুলোর জন্য অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য কাজ করতে ইচ্ছুক
- ফ্যাব্রিক টেকনোলজিস্ট, সোর্সিং এবং কমপ্লায়েন্স কর্মী সহ স্টাফ যাদের উচ্চ স্তরের প্রযুক্তিগত এবং সাপ্লাই চেইন সম্পর্কে জ্ঞান রয়েছে
- সুতোর কলের অংশীদার যারা অস্ট্রেলিয়ান তুলোর নিয়মিত ব্যবহারকারী এবং সেই কারণেই তারা অস্ট্রেলিয়ান তুলোর বাজারে সরবরাহের সময়ের উপর ভিত্তি করে দামের ওঠানামা এড়িয়ে যেতে পারেন
- আপনার ব্যবসার অভ্যন্তরে অস্ট্রেলিয়ান তুলোর জন্য একজন চ্যাম্পিয়ন যে নীতির প্রতি সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ, এবং কখনও হাল ছাড়েন না!

## যে বিষয়গুলি সাহায্য করে না:

- স্টাফ বা ম্যানেজমেন্ট যারা কেন আপনি অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করতে চান, তা বুঝতে পারেন না। আমাদের অভিজ্ঞতা থেকে বলা যায় যে যখন পুরো একটি দল শুরু থেকে বোর্ডে থাকেন, তারা অনেক বেশী প্রতিশ্রুতিবদ্ধ হয়ে ওঠেন এবং তারা কাজটি সম্পূর্ণ করতে ইচ্ছুক হন, ফলে পুরো প্রক্রিয়াটি অনেক বেশী ফলপ্রসূ হয়
- সরবরাহকারী এবং/অথবা সাপ্লাই চেইনের পার্টনার যারা পরিবর্তন করতে বা ভিন্নভাবে কিছু করতে অস্বীকার করেন
- সরবরাহকারী বা সাপ্লাই চেইনের পার্টনার, যারা ব্যাপকভাবে মূল্যবৃদ্ধি করেন, যখন আমরা জানি যে তৈরি পোশাকে অস্ট্রেলিয়ান তুলোর জন্য হয়ত শুধুমাত্র অল্প কিছু মূল্য বৃদ্ধি হওয়া উচিৎ
- সাপ্লাই চেইনের পার্টনার, যারা উন্মুক্ত এবং স্বচ্ছ হতে ইচ্ছুক নন
- সংগ্রহের জন্য একবার অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করে আর কখনও ব্যবহার করেন না। অস্ট্রেলিয়ান তুলোর ব্যবহার সময়ের সাথে সাথে অবশ্যই সহজ হয়ে যায় এবং অস্ট্রেলিয়ান তুলোর প্রতি দীর্ঘকালীন প্রতিশ্রুতিবদ্ধ থাকলে শুরুর একটি বড় প্রচেষ্টাতে বড় পুরষ্কার অর্জন করা যায়
- ছোট পরিমাণ যা সরবরাহকারীদের ন্যূনতম প্রয়োজনীয়তা পূরণ করে না

## কিভাবে শুরু করতে হয়

ভালো খবর হল যে সাপ্লাই চেইনের মাধ্যমে সেইসব ব্যবসার জন্য অস্ট্রেলিয়ান তুলো সহজে পাওয়া যায়, যারা এটি ব্যবহার করতে ইচ্ছুক এবং সক্ষম। যখন আপনি চেষ্টা করেন, তখন আপনার কাছে গ্রাহকরা কিনতে পছন্দ করেন এমন উচ্চ গুণমানের পণ্য থাকবে, আপনি আপনার সাপ্লাই চেইন সম্পর্কে আরও জানবেন এবং আপনার গ্রাহকদের বলার জন্য আপনার কাছে একটি দুর্দান্ত গল্প থাকবে।

কটন অস্ট্রেলিয়া অস্ট্রেলিয়ান তুলোর ব্যবহারে আপনার ব্যবসায় সহায়তা করতে সক্ষম হতে পারে, এবং সুতোর কলের বিবরণ দিতে পারে যারা নিয়মিত অস্ট্রেলিয়ান তুলোর ফাইবার কিনে থাকেন। আপনার সাহায্যের প্রয়োজন হলে আমাদের জানান।



## অস্ট্রেলিয়ান তুলো ব্যবহার করার জন্য টিপস

আপনি অস্ট্রেলিয়ান তুলোর পণ্য ব্যবহার করে আপনার সাফল্যের সম্ভাবনা সর্বাধিক করতে পারেন:

- 100% তুলো থাকে
- স্থিতিশীল, পণ্য বা কাপড়ের বারম্বার ব্যবহার
- বড়, সামঞ্জস্যপূর্ণ পরিমাণ সহ
- যেখানে আপনার সাপ্লাই চেইনের উপর পরিষ্কার দৃশ্যমানতা রয়েছে (সুতোর কলের মাধ্যমে সঠিক)
- যেগুলি আপনার ঐতিহ্যগতভাবে ব্যবহার করতে সহজ মনে হবে
- এমন সরবরাহকারী, যাদের আপনি জানেন এবং বিশ্বাস করেন এবং যারা আপনার ব্যবসার সাথে দীর্ঘকাল থাকবেন
- উপরের স্তরে সমন্বিত সরবরাহকারীদের থেকে
- যাতে সম্ভবত ইতিমধ্যেই অস্ট্রেলিয়ান তুলো রয়েছে (যেমন উচ্চ গুণমানের সাদা, উচ্চ থ্রেড কাউন্ট শীট)
- যেগুলি আপনার গ্রাহকদের সাথে সমন্বিত হবে
- প্রয়োজনীয় সন্ধানযোগ্যতার প্রমাণ প্রদান করতে ইচ্ছুক সরবরাহকারীদের থেকে




## প্রস্তাবিত প্রথম পদক্ষেপ

1. অস্ট্রেলিয়ান তুলোর সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে উঠুন, বিশেষত দীর্ঘমেয়াদে
2. সিনিয়র ম্যানেজমেন্ট, কমপ্লায়েন্স, সোর্সিং, ক্রয়, স্থায়িত্ব এবং বিপণনের দল সহ পুরো ব্যবসা জুড়ে অস্ট্রেলিয়ান তুলোর জন্য সমর্থন লাভ করুন
3. অস্ট্রেলিয়ান তুলো থেকে প্রথমে কোন পণ্য (গুলি) তৈরি করবেন সে সম্পর্কে সিদ্ধান্ত নিন। একটি বা অল্প সংখ্যক পণ্য দিয়ে শুরু করুন, যেগুলি বিশেষত বড় পরিমাণে এবং 100% তুলো দিয়ে তৈরি
4. কটন অস্ট্রেলিয়ার প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা এবং চেইন অফ কাস্টডি-এর সাথে পরিচিত হন
5. সরবরাহকারীদের জন্য একটি সংক্ষিপ্ত নির্দেশিকা এবং চেকলিস্ট তৈরি করুন যার মধ্যে অস্ট্রেলিয়ান তুলোর জন্য প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা রয়েছে
6. আপনার পণ্যের জন্য সরবরাহকারীদের কাছে অস্ট্রেলিয়ান তুলো সম্পর্কে নির্দিষ্ট করে বলা শুরু করুন
7. আপনার সাপ্লাই চেইনে সংযুক্ত হতে, সরবরাহকারীদের প্রশ্নের উত্তর দিতে এবং প্রয়োজনীয় সন্ধানযোগ্যতা সম্পর্কে তথ্য প্রদান করতে কটন অস্ট্রেলিয়ার সাথে কাজ করুন



AUSTRALIAN COTTON

অধিক তথ্য
www.australiacotton.com.au
cotton2market@cotton.org.au